অধ্যক্ষের কার্যালয়

# জোনাইল ডিগ্রী কলেজ

ডাকঘরঃ জোনাইল, উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।
স্থাপিতঃ ১৯৯৬ইং
EIIN: 123979, Web: www.jdc.edu.bd, E-mail: jonailcollege@gmail.com
কলেজ কোডঃ উচ্চ মাধ্যমিক-2155, ডিগ্রী-2330, মোবাইল-০১৭১১৪১৮২২৯

স্মারক নং-জো.ডি.ক-

তারিখঃ ২৩/৭/২৫ইং

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অনলাইনে ভর্তি বিজ্ঞপ্তিঃ

২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক অত্র কলেজে একাদশ শ্রেণীতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও অপারেটরসহ সকলকে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে অনলাইন এর মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির ফলাফল ৩টি পার্যায়ে বোর্ড কর্তৃক প্রক্রিয়াকরন শেষে অত্র কলেজের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ০৭/০৯/২০২৫খ্রি. তারিখ রবিবার থেকে ১৪/০৯/২৫খ্রি. তারিখ রবিবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে কলেজের ওয়েব সাইটের "অনলাইন ভর্তি" (https://www.eximusedu.com/online-application-hsc/jdc)-মেনুতে প্রবেশ করে প্রদর্শিত গুচ্ছ পদ্ধতি অনুসরন করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তির শর্তসমুহ কলেজের ওয়েবসাই ও নোটিশ বোর্ড এ পাওয়া যাবে।

### ভর্তি ফি বিবরনীঃ

| ক্র | ফি এর বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | সেসন ফি | ৪০০/= |
| ২. | সোন্ডার ফি | ১৫০/= |
| ৩. | আইডি কার্ড ফি | ১০০/= |
| ৪. | বিদ্যুৎ বিল | ৫০/= |
| ৫. | পত্রিকা ফি | ৫০/= |
| ৬. | খেলাধুলা | ৫০/= |
| ৭. | লাইব্রেরী ফি | ৫০/= |
| ৮. | উৎসব/অনুষ্ঠান ফি | ১৫০/= |
| ৯. | বিজ্ঞানাগার ফি | ১০০/= |
| ১০. | অনলাইন প্রসেসিং/সফটয়ার ফি | ২৫০/= |
| ১১. | রোভার স্কাউট | ১৫০/= |
| ১২. | মাসিক বেতন ১০ মাস x২০০ টাকা | ২০০০/= |
| | মোট= | **৩৫০০/=** |

### আসন সংখ্যা

| বিভাগের নাম | আসন সংখ্যা |
|---|---|
| বিজ্ঞান বিভাগ | ১৫০ |
| মানবিক বিভাগ | ২৫০ |
| ব্যবসায় শিক্ষা শাখা | ১৫০ |
| **মোটঃ** | **৫৫০** |

**বিঃদ্রঃ** নির্বাচিত শিক্ষার্থীদের উল্লেখিত তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম অবশ্যই শেষ করতে হবে।

(স্বাক্ষর) ২৩/৭/২৫
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),
এস, এম, রাজিবুল করিম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জোনাইল ডিগ্রি কলেজ
বড়াইগ্রাম, নাটোর।
মোবাইল : ০১৭১১-৪১৮২২৯

# জোনাইল ডিগ্রী কলেজ

ডাকঘরঃ জোনাইল,উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।

স্থাপিতঃ ১৯৯৬ইং

EIIN: 123979, Web: www.jdc.edu.bd, E-mail: jonailcollege@gmail.com

কলেজ কোডঃ উচ্চ মাধ্যমিক-2155, ডিগ্রী-2330, মোবাইল-০১৭১১৪১৮২২৯


## অত্র কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির শর্তাবলী

১. একাদশ শ্রেণীর ভর্তি কার্যক্রম অত্র কলেজের ওয়েব সাইট www.jdc.edu.bd-এর https://www.eximusedu.com/online-application-hsc/jdc -লিংক এ প্রবেশ করে সম্পন্ন করতে হবে। মেনুয়াল পদ্ধতিতে ভর্তির কোন সুযোগ নাই।

২. পঠিত বিষয় নির্বাচনের ক্ষেত্রে অনলাইন আবেদনের সময় প্রদর্শিত গুচ্ছ পদ্ধতি অনুসরন করতে হবে। এবং প্রতিটি বিষয়ের বিপরীতে আসন সংখ্যা প্রদর্শিত হবে। প্রদর্শিত আসন সংখ্যার বাহিরে বিষয় নির্বাচন করা যাবে না।

৩. একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাসিক বেতন ২০০(দুইশত) টাকা। ভর্তির সময় ৮(আট) মাসের বেতন পরিশোধ করতে হবে।

৪. শিক্ষার্থীদের মোবাইল ফোনসহ কলেজে প্রবেশ করা যাবে না। জরুরী প্রয়োজনে অফিসের মোবাইল ফোন ব্যবহার করতে পারবে।

৫. ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম ক্লাস থেকেই কলেজের নির্ধারিত ইউনিফর্ম ও সাদা কেড্স পরিধান করে শ্রেণীকক্ষে আসতে হবে।

৬. সকাল ১০ ঘটিকা হতে ক্লাশ চলাকালিন সময় কলেজের মূল ফটক বন্ধ থাকবে। এ সময় কোন শিক্ষার্থী কলেজে প্রবেশ ও বাহির হতে পারবে না।

৭. উপ-বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ক্লাশে ৭৫% উপস্থিতি ও অভ্যন্তরীন পরীক্ষায় ৪৫% নম্বর পেতে হবে। অন্যথায় পরবর্তীতে সরকারি নীতিমালা অনুয়ায়ী উপ-বৃত্তির সুবিধা বন্ধ হয়ে যাবে।

৮. প্রথম বর্ষের প্রথম সাময়িকী পরীক্ষা বাধ্যতামূলক।(পাঠদান কার্যক্রম শুরু হওয়ার ৬ মাসের মধ্যে প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হবে।)

৯. প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ৬ মাসের মধ্যে প্রথম বর্ষের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০. বার্ষিক পরীক্ষার পূর্বে বেতনসহ সমুদয় বকেয়া অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অন্যথায় দ্বিতীয় বর্ষে ভর্তির অনুমতি দেওয়া হবে না।

১১. বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নির্ধারিত ফি অনলাইনের মাধ্যমে ৪০০/=(চারশত) টাকা প্রদান করে দ্বিতীয় বর্ষে ভর্তি হতে হবে।

১২. অত্র কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম ক্লাসে ফুল দিয়ে বরণ করে নেয়া হবে। পরবর্তিতে কোন নবীন বরণ অনুষ্ঠান করা হবে না।

১৩. মধ্য জানুয়ারী হতে মধ্য ফেব্রুয়ারী তারিখের মধ্যে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত স্থানে শিক্ষা সফর অনুষ্ঠিত হবে।

১৪. একজন শিক্ষার্থীকে ক্লাসে নূন্যতম ৭৫% উপস্থিত থাকতে হবে। অন্যথায় নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১৫. নির্বাচনী পরীক্ষা বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন ভাবেই উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ করা যাবে না।

১৬. সপ্তাহে প্রতি রবিবার সকাল ৯ ঘটিকায় পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় পতাকাকে সম্মান প্রদর্শন, শপথ বাক্য পাঠ ও জাতীয় সংগীত পরিবেশন করা হবে। উক্ত কর্মসূচীতে সকলের উপস্থিতি বাধ্যতা মূলক।

১৭. সপ্তাহের প্রতি বৃহস্পতিবার দুপুর ১২ঘটিকা হইতে সংস্কৃতি ও স্কাউট দলের অনুশীলন চর্চা করা হবে।

১৮. কলেজের সকল তথ্য ওয়েবসাইট www.jdc.edu.bd ও ফেইসবুক পেজ (জোনাইল ডিগ্রী কলেজ) এর মাধ্যমে জানা যাবে।

১৯. কলেজের সকল প্রকার লেন-দেন অনলাইন মাধ্যমে মোবাইল ব্যাংকিং অথবা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। সকল লেন-দেনের ক্যাশ ম্যামো/টাকার রশিদ অফিসে জমা দিতে হবে।

উপরে উল্লিখিত সকল শর্তাবলী মেনে নিয়ে অত্র কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হলাম।

অভিভাবকের স্বাক্ষর

শিক্ষার্থীর স্বাক্ষর

# জোনাইল ডিগ্রী কলেজ

ডাকঘরঃ জোনাইল,উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।
স্থাপিতঃ ১৯৯৬ইং
EIIN: 123979, Web: www.jdc.edu.bd, E-mail: jonailcollege@gmail.com
কলেজ কোডঃ উচ্চ মাধ্যমিক-2155, ডিগ্রী-2330

---

অত্র কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের বিষয় গুচ্ছ সমূহ নিম্ন রুপঃ

## আবশ্যিক বিষয়সমূহ (সকল বিভাগের ছাত্র/ছাত্রীদের জন্য)

| বিষয় | বিষয় কোড |
|---|---|
| বাংলা | ১০১-১০২ |
| ইংরেজি | ১০৭-১০৮ |
| আই.সি.টি | ২৭৫ |

## শিক্ষার্থীদের পঠিতব্য নৈর্বাচনিক ও ঐচ্ছিক বিষয় সমূহের বিবরণঃ-

| শাখা | নৈর্বাচনিক বিষয়: যে কোন ১টি বিষয় নির্বাচন করুন | ঐচ্ছিক বিষয়ঃ যে কোন ১টি বিষয় নির্বাচন করুন |
|---|---|---|
| বিজ্ঞান | ১। জীব বিজ্ঞান-[১৭৮-১৭৯] | ১। জীববিজ্ঞান-[১৭৮-১৭৯] |
| | ২। উচ্চতর গণিত-[২৬৫-২৬৬] | ২। উচ্চতর গণিত-[২৬৫-২৬৬] |
| | | ৩। পরিসংখ্যান-[১২৯-১৩০] |

| শাখা | ক-গুচ্ছ | | খ-গুচ্ছ | |
|---|---|---|---|---|
| | নৈর্বাচনিক বিষয়ঃ যে কোন ৩টি নির্বাচন করুন | ঐচ্ছিক বিষয়: যে কোন ১টি নির্বাচন করুন | নৈর্বাচনিক বিষয়: যে কোন ৩টি বিষয় নির্বাচন করুন | ঐচ্ছিক বিষয়: যে কোন ১টি বিষয় নির্বাচন করুন |
| মানবিক | ১। সমাজবিজ্ঞান-[১১৭-১১৮] | ১। মনোবিজ্ঞান-[১২৩-১২৪] | ১। পৌরনীতি ও সুশাসন[২৬৯-২৭০] | ১। কৃষি শিক্ষা-[২৩৯-২৪০] |
| | ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-[২৬৭-২৬৮] | ২। গার্হস্থ বিজ্ঞান-[২৭৩-২৭৪] | ২। সমাজকর্ম-[২৭১-২৭২] | ২। ইসলামী শিক্ষা-[২৪৯-২৫০] |
| | ৩। ভূগোল-[১২৫-১২৬] | ৩। পরিসংখ্যান-[১২৯-১৩০] | ৩। ইতিহাস-[৩০৪-৩০৫] | ৩। পরিসংখ্যান-[১২৯-১৩০] |
| | ৪। যুক্তিবিদ্যা-[১২১-১২২] | | ৪। অর্থনীতি-[১০৯-১১০] | |

| শাখা | নৈর্বাচনিক বিষয়: যে কোন ১টি বিষয় নির্বাচন করুন | ঐচ্ছিক বিষয়ঃ যে কোন ১টি বিষয় নির্বাচন করুন |
|---|---|---|
| ব্যবসায় শিক্ষা | ১। ফিন্যান্স ব্যাংকিং ও বিমা-[২৯২-২৯৩] | ১। পরিসংখ্যান-[১২৯-১৩০] |
| | ২। উৎপাদন ব্যাস্থাপনা ও বিপনন-[২৮৬-২৮৭] | ২। ফিন্যান্স ব্যাংকিং ও বিমা-[২৯২-২৯৩] |

বিঃ দ্রঃ-

# https://www.eximusedu.com/online-application-hsc/jdc -লিংক এ প্রবেশ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। অফলাইনে ভর্তির কোন সুযোগ নাই।

# অনলাইন ফরম পূরণের সময় প্রতিটি বিষয়ের বিপরীতে অবশিষ্ট আসন সংখ্যা প্রদর্শিত হবে।

# শিক্ষার্থীদের সকল তথ্য কলেজের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট (www.jdc.edu.bd)-এ পাওয়া যাবে।

সমবাকরিম
২৩/৭/২৫

এস, এম, রাজিবুল করিম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জোনাইল ডিগ্রি কলেজ
বড়াইগ্রাম, নাটোর।
মোবাইল : ০১৭১১-৪১৮২২৯